যুগান্তর

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

# রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

RUET

# স্নাতক কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি, শিক্ষাবর্ষ : ২০১৭-২০১৮

Website for Online Application : www.ruet.ac.bd/admission

স্মারক নং: রুয়েট/জস/১১৭৩/১০ — তারিখঃ ০২/১০/২০১৭ খ্রি.

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল, তড়িৎ ও কম্পিউটার কৌশল ও যন্ত্রকৌশল অনুষদের অধীনে স্নাতক কোর্সে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন শুধুমাত্র অনলাইনে রুয়েট ওয়েবসাইটের মাধ্যমে গ্রহণ করা হবে।

১। **ভর্তির জন্য নির্ধারিত বিভাগ ও আসন সংখ্যা ঃ**

সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ-১২০টি, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ-৬০টি, আর্কিটেকচার বিভাগ-৩০টি, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগ-৩০টি; ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-১২০টি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-১৮০টি, ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ-৬০টি, ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগ-৬০টি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ-১৮০টি, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ-৬০টি, গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-৬০টি, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ-৬০টি, কেমিক্যাল এন্ড ফুড প্রসেসিং ইঞ্জিনিয়ারিং বিভাগ-৩০টি, ম্যাটেরিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-৬০টি এবং সংরক্ষিত আসনে পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার উপজাতী/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠীর প্রার্থীদের জন্য ৪টি এবং বান্দরবান জেলার প্রার্থীদের জন্য ১টি সহ সর্বমোট ১১১৫ (এক হাজার একশত পনেরো) টি আসন।

২। **ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ঃ**

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে ২০১৪ বা তৎপরবর্তী সালের এসএসসি অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০ পেয়ে পাস হতে হবে।

গ) প্রার্থীকে ২০১৭ সালের এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজি— এই চার বিষয়ে মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৮.৫ এবং উল্লেখিত বিষয়গুলোর মধ্যে গণিত, পদার্থবিদ্যা, রসায়নে পৃথকভাবে প্রত্যেক বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৪.০ ও ইংরেজিতে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.৫ পেয়ে পাস হতে হবে।

ঘ) প্রার্থী GCE 'O' লেভেল এবং GCE 'A' লেভেল পাস করে থাকলে ভর্তি পরীক্ষার আবেদনের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয়ে কমপক্ষে 'B' গ্রেড এবং নভেম্বর ২০১৬ সালের পরে GCE 'A' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে কমপক্ষে 'B' গ্রেড পেয়ে পাস হতে হবে।

ঙ) কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০১৭ সালের এইচএসসি/সমমানের পরীক্ষায় ২ (গ) এ উল্লেখিত গ্রেড পয়েন্ট পেয়ে পাস হতে হবে। লেটার গ্রেড এর ক্ষেত্রে গ্রেড-এর সমতুল্য মান সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত সনদপত্র জমা দিতে হবে।

৩। **অনলাইনে ভর্তির আবেদন প্রক্রিয়া ঃ**

(ক) ভর্তির প্রয়োজনীয় তথ্যাদি (Prospectus) রুয়েট ওয়েব সাইটে (www.ruet.ac.bd/admission) পাওয়া যাবে। ওয়েব সাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে প্রয়োজনীয় তথ্যাদি সহ আবেদন ফরম পূরণ করে Submit করতে হবে। অনলাইনে আবেদনের জন্য যেসব তথ্যাদি প্রয়োজন হবে ঃ SSC/সমমান এবং HSC/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, শিক্ষা বোর্ড। JPG Format এ সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (Studio Quality, Hight-575 to 625 pixel, Width-415 to 475 pixel, Size- Less than 100 KB)।

খ) আবেদনপত্র Submit করার পর আবেদন ফি পরিশোধের জন্য প্রত্যেক আবেদনকারী একটি Bill Number পাবে। উক্ত Bill Number এর বিপরীতে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফি ডাচ-বাংলা ব্যাংকের রকেট সার্ভিসের মাধ্যমে পরিশোধ করতে হবে। উল্লেখ্য যে, আবেদন ফি পরিশোধ না করা পর্যন্ত আবেদনপত্র অপেক্ষমাণ (Pending) থাকবে এবং ফি প্রদান ব্যতীত আবেদন সম্পন্ন হবে না।

প্রতিটি গ্রুপের জন্য প্রদেয় ফি-এর পরিমাণ নিচের ছকে উল্লেখ করা হলো:

| গ্রুপ | বিভাগ | আবেদন ও ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি |
|---|---|---|
| ক (KA) | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | ৮১০/- (আটশত দশ) টাকা |
| ক+খ (KH+ KHA) | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ | ৯১০/-( নয়শত দশ) টাকা |

ডাচ-বাংলা ব্যাংকের রকেট সার্ভিসের মাধ্যমে ফি প্রদান পদ্ধতি নিম্নরূপ ঃ

| | |
|---|---|
| Step-1: ডায়াল *322#।<br>Step-2: "1. Payment" অপশন সিলেক্ট করতে হবে।<br>Step-3: "1. Bill Pay" অপশন সিলেক্ট করতে হবে।<br>Step-4: Enter Biller ID. এর স্থলে ' 2555' টাইপ করতে হবে। | Step-5: Enter Bill Number এর স্থলে অবশ্যই ওয়েব সাইট থেকে প্রাপ্ত নিজ Bill Number টি প্রদান করতে হবে।<br>Step-6: Enter Amount এর স্থলে সর্বমোট ফি (ক গ্রুপ- ৮১০ টাকা ও খ গ্রুপ- ৯১০ টাকা) এর পরিমাণ দিতে হবে।<br>Step-7: Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর দিতে হবে।<br>Step-8: রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে। |

গ) GCE এবং বিদেশি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের আবেদন প্রক্রিয়া ঃ

GCE 'O' এবং 'A' Level এবং বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাস করা ছাত্র-ছাত্রীদেরকেও অনলাইনে আবেদন করতে হবে। এক্ষেত্রে তাদেরকে Online Application Page এর A/O Level Candidate' Tab Select করতে হবে। এরপর ৩(খ) নং এ বর্ণিত পদ্ধতি অনুযায়ী প্রাপ্ত Bill Number এর বিপরীতে নির্ধারিত ভর্তি ফি পরিশোধ করতে হবে। এছাড়া তাদেরকেবিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে 'GCE Application Form' Download করে পূরণ করতে হবে এবং পরীক্ষার সার্টিফিকেট এবং নম্বরপত্রের সত্যায়িত কপিসহ রেজিস্ট্রার, রুয়েট, রাজশাহী-৬২০৪ বরাবর ২৯ অক্টোবর ২০১৭ খ্রি. তারিখের মধ্যে পাঠাতে হবে। উল্লেখ্য যে, খামের উপর অবশ্যই ভর্তি পরীক্ষা ২০১৭-১৮ অথবা Admission Test-২০১৭-১৮ লিখতে হবে।

ঘ) সকল বৈধ আবেদনকারীদের মধ্য থেকে HSC পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজি- এই চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধাতালিকা তৈরি করা হবে। এ তালিকা থেকে প্রথম ৭,০০০ (সাত হাজার) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ৭,০০০তম প্রার্থীর সমান উপরোক্ত ৪ (চার) টি বিষয়ে মোট গ্রেড পয়েন্টপ্রাপ্ত সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। সকল আবেদনপত্র যথাযথ প্রক্রিয়ায় নিরীক্ষণ পূর্বক ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে। প্রত্যেক আবেদনকারী তার স্ট্যাটাস রুয়েট ওয়েবসাইটে (www.ruet.ac.bd/admission) Login করে দেখতে পারবে।

ঙ) যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্র ওয়েবসাইট থেকে নির্দিষ্ট সময়ের মধ্যে Download করতে হবে এবং অবশ্যই ভর্তি পরীক্ষার হলে প্রবেশপত্র সাথে নিয়ে আসতে হবে।

চ) ভর্তি পরীক্ষার দিন প্রার্থীর HSC/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড, রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি ও রুয়েট ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগে আনতে হবে। এ ছাড়াও সংরক্ষিত আসনের প্রার্থীদেরকে ভর্তি পরীক্ষার দিন হল পরিদর্শকের নিকট উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠীর গোত্রের মোড়ল/হেডম্যান/গোত্র প্রধান কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে, অন্যথায় ভর্তির প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৪। **ভর্তি পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপুর্ণ তথ্যাবলী ঃ**

ক) ভর্তি পরীক্ষার বিষয়সমূহ, নির্ধারিত নম্বর ও পরীক্ষা বিষয়ক নির্দেশাবলী: ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার পাঠ্যসূচির উপর ভিত্তি করে ক গ্রুপ-এর জন্য (সম্পূর্ণ লিখিত) ৩৫০ নম্বর এবং খ গ্রুপ এর জন্য অতিরিক্ত ১০০ নম্বরের মুক্তহস্ত অংকনসহ মোট ৪৫০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। কোন বিষয়ে MCQ Type প্রশ্ন থাকবে না।

খ) বিষয় ভিত্তিক নম্বর বন্টন ঃ গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন প্রতিটি বিষয়ের জন্য ১০০ নম্বর করে ৩০০ নম্বর ও ইংরেজিতে (Functional) ৫০ নম্বর সহ মোট ৩৫০ নম্বর এবং মুক্তহস্ত অংকন (আর্কিটেকচার বিভাগে ভর্তিচ্ছু প্রার্থীদের জন্য) ১০০ নম্বর।

গ) পরীক্ষার কক্ষে ক্যালকুলেটর ছাড়া অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস (যেমন: কম্পিউটার/ট্যাব/আইপ্যাড, মোবাইল ফোন, নেটওয়ার্ক এর সহিত যুক্ত হতে সক্ষম সকল ইলেকট্রনিক ডিভাইস) আনা নিষিদ্ধ। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে পরীক্ষার্থী হলে প্রবেশ করতে পারবে না এবং পরীক্ষা শুরুর পর ১ ঘন্টা অতিবাহিত না হলে কক্ষ ত্যাগ করতে পারবে না।

৭। **ভর্তির আবেদন, ভর্তি পরীক্ষা, ফলাফল ইত্যাদির তারিখ ও সময়সূচি ঃ**

| | |
|---|---|
| ক) অনলাইনে ভর্তির আবেদনের সময়সূচি | ১০ অক্টোবর ২০১৭ খ্রি. হতে ২৬ অক্টোবর ২০১৭ খ্রি. বিকাল ০৫:০০টা পর্যন্ত। |
| খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ | ০৬ নভেম্বর ২০১৭ খ্রি.। |
| গ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করার তারিখ | ১০ নভেম্বর ২০১৭ খ্রি. হতে ১৫ নভেম্বর ২০১৭ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত। |
| ঘ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ক গ্রুপ: ১৭ নভেম্বর, ২০১৭ খ্রি. তারিখ শুক্রবার সকাল ০৯:০০টা হতে দুপুর ১১:০০টা পর্যন্ত।<br>ক+খ গ্রুপ:১৭ নভেম্বর, ২০১৭ খ্রি. তারিখ রোজ শুক্রবার সকাল ০৯:০০ টা হতে দুপুর ১২:১০টা পর্যন্ত। |
| ঙ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ | ২৭ নভেম্বর, ২০১৭ খ্রি. |

বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.ruet.ac.bd) ভর্তি সংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে এবং প্রয়োজনে তা ডাউনলোডও করা যাবে। ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য জানার জন্য সকাল ৮:০০টা হতে রাত ৮:৩০টা পর্যন্ত সময়কালে ০১৭৮০-৩২৭২৫০, ০১৭৮০-৩২৭৩৫০ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

বিশেষ দ্রষ্টব্য ঃ ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে রুয়েট ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ডিজি-১৭১৭/১৭ (১২"×৪)

রেজিস্ট্রার